**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 01.06.2024** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) অষ্টাদশ লোকসভা নির্বাচনে সপ্তম তথা চূড়ান্ত দফার ভোটগ্রহণ আজ সম্পন্ন হয়েছে। এরাজ্যের ৯ টি আসনে গড়ে প্রায় ৭০ শতাংশ ভোট পড়েছে।

২) বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া রাজ্যে ভোটগ্রহণ প্রক্রিয়া ছিল মোটের ওপর শান্তিপূর্ণ ছিল বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রাজ্যের শাসকদলের বিরুদ্ধে সন্ত্রাসের অভিযোগ তুলেছে বিরোধীরা। তৃণমূল কংগ্রেস অভিযোগ খারিজ করেছে।

৩) চৌঠা জুন মঙ্গলবার ভোট গণনার জন্য ২৫ হাজার ভোটকর্মীকে নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

৪) নতুন দিল্লীতে তৃণমূল কংগ্রেসের উপস্থিতি ছাড়াই আজ বৈঠক হয়েছে ইন্ডি জোটের।

৫) শিলিগুড়ি সেবক রোডে রামকৃষ্ণ মিশনের হামলার ঘটনায় গ্রেপ্তার আরও একজন।

৬) দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু উত্তরবঙ্গের জেলাগুলিতে পৌঁছেছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

---------------------------------------------------------------------------------------

অষ্টাদশ লোকসভা নির্বাচনে সপ্তম তথা চূড়ান্ত দফায় আজ রাজ্যের ৯'টি আসনে ভোটগ্রহণ বিক্ষিপ্ত কিছু ঘটনা ছাড়া মোটের ওপর শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। নির্বাচন কমিশন থেকে শেষ পাওয়া তথ্য অনুযায়ী এই ৯ আসনে  ভোট পড়েছে গড়ে ৬৯ দশমিক ৮/৯ শতাংশ। সবথেকে বেশি ৭৬ দশমিক ৫/৬ শতাংশ ভোট পড়েছে বসিরহাটে। মথুরাপুরে ৭৪ দশমিক ১/৩, জয়নগর আসনে ৭৩ দশমিক ৪/৪, ডায়মন্ডহারবারে ৭২ দশমিক ৮/৭, বারাসাতে ৭১ দশমিক ৮/০, যাদবপুরে ৭০ দশমিক ৪/১, দমদমে ৬৭ দশমিক ৬/০, কলকাতা দক্ষিণ ৬০ দশমিক ৮/৮ এবং কলকাতা উত্তরে ৫৯ দশমিক ২/৩ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে।

একইসঙ্গে বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনের ভোটগ্রহণ করা হয়। সেখানে শেষ পাওয়া খবর অনুযায়ী ভোট পড়েছে ৬৬ দশমিক ৭/০ শতাংশ।

পশ্চিমবঙ্গ ছাড়াও আজ আছে উত্তর প্রদেশ ও পাঞ্জাবের ১৩ টি করে, বিহারের ৮টি, ওড়িশার-৬, হিমাচল প্রদেশের ৪, ঝাড়খন্ডের ৩, চন্ডিগড়ের ১টি আসনেও ভোটগ্রহণ করা হয়েছে।

-----------------------------------

সকাল থেকে বিক্ষিপ্ত অশান্তির খবর পাওয়া গেলেও ভোটপর্ব মোটের ওপরে শান্তিপূর্ণ ছিল বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সন্ধ্যায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানান, আজ দিনভর কমিশনের কাছে ২ হাজার ৯৮৩ টি অভিযোগ জমা পড়েছে। সন্দেশখালির অশান্তির ঘটনায় ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। রাজনৈতিক সংঘর্ষে আহত হয়েছেন মোট ২৮ জন। এর মধ্যে ৪ জন পুলিশ কর্মী।

বাইট

-----------------------------------

উত্তর ২৪ পরগণার বসিরহাট লোকসভা আসনের **সন্দেশখালির রাজবাড়ি** এলাকা তৃণমূল কংগ্রেস ও বিজেপি সমর্থকদের সংঘর্ষে আজ রণক্ষেত্র হয়ে ওঠে। পুলিশের লাঠির আঘাতেএক মহিলার মাথা ফাটে বলে অভিযোগ। এই ঘটনার প্রতিবাদে মহিলারা সেখানে বিক্ষোভ দেখান। ঐ আসনের প্রার্থী রেখা পাত্র পুলিশের সঙ্গে বাদানুবাদে জড়িয়ে পড়েন। পরিস্থিতি সামলাতে পুলিশের পাশাপাশি নামানো হয় র‍্যাফ। কাঁদানে গ্যাসের শেল ফাটানো হয়। পুলিশ শাসকদলের হয়ে কাজ করছে বলে বিজেপি অভিযোগ তুলেছে।

আমাদের সংবাদদাতা পল্লব ঘোষ জানালেন,

( ভিসি- পল্লব )

এদিকে **বারাসাত** লোকসভার কদম্বগাছির কাঁঠালিয়া গ্রামে আইএসএফ এবং তৃণমূল কংগ্রেসের মধ্যে ব্যাপক সংঘর্ষ বাধে। অভিযোগ তৃণমূল কংগ্রেস সমর্থকরা আইএসএফ-এর একটি ক্যাম্পে হামাল চালায়। ভাঙচুর করা হয় টেবিল চেয়ার। ধাক্কাধাক্কিতে বেশ কয়েকজন জখম হয়েছেন বলে খবর। পুলিশ ও কিউআরটি সেখানে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

**খড়দার** নন্দনগড়ে বিজেপির জেলা সম্পাদককে ঘিরে বিক্ষোভ দেখান তৃণমূল কংগ্রেসের মহিলা কর্মীরা। বুথ পরিদর্শনে গিয়ে বিজেপির কলকাতা উত্তরের সহ সভাপতি শেখ রমজান আলির গাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে।

দক্ষিণ ২৪ পরগনার জয়নগর লোকসভা কেন্দ্রে **ক্যানিং-এ** তৃণমূল কংগ্রেস ও বিজেপি-র মধ্যে সংঘর্ষে উত্তেজনা ছড়ায়। দু-পক্ষের মধ্যে শুরু হয় ইট ছোঁড়াছুড়ি। ইটের আঘাতে সংবাদ মাধ্যমের বেশ কয়েকজন প্রতিনিধি আহত হয়েছেন।

আমাদের জেলা সংবাদদাতা জানালেন,

ভিসি – গৌতম

বাসন্তীর আমঝাড়া এলাকায় তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে সংঘর্ষে তিনজন আহত হয়েছেন। তাদের ক্যানিং মহকমুমা হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে।

এবার ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের দিকে নজর ছিল সবার। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন,

ভয়েসকাস্ট – ডায়মন্ডহারবার

-----------------------------------

বিজেপি ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের ২৩০টি বুথ সহ আরো বহু বুথে পুনরায় নির্বাচনের দাবি জানাবে। কলকাতায় আজ সন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে আলোচনা করে আজ রাতের মধ্যেই নির্বাচন কমিশনের কাছে এই দাবি জানানো হবে। পাশাপাশি প্রতিটি বুথে ওয়েব ক্যাস্টিং বাধ্যতামূলক করা সত্ত্বেও প্রায় ৮০০টি বুথে ক্যামেরা নিষ্ক্রিয় ছিল বলেও তিনি অভিযোগ করেন। গতরাত থেকে বিজেপি কর্মী সমর্থকদের ওপর শাসক দলের হামলা সত্ত্বেও মানুষ, ভোট দিয়েছেন বলেও দাবি করেন শুভেন্দু।

-----------------------------------

বিজেপি ও সিপিআইএম, রাজ্যে শেষ দফার ভোটে হিংসা ও সন্ত্রাসের অভিযোগ করেছে।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এ রাজ্যে আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে। আজ সারাদিনই বিভিন্ন এলাকায় শাসকদলের কর্মী সমর্থকরা, বিরোধীদের ওপর হামলা চালায় বলে সুকান্তবাবুর অভিযোগ। দলের মুখপাত্র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন,

বাইট

সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও সন্ত্রাসের অভিযোগ করে বলেন, শাসক তৃণমূল কংগ্রেসের মদতে বিভিন্ন এলাকায় অশান্তি হয়েছে। বাম কংগ্রেস জোটের প্রতি জনসমর্থন বাড়ার কারণেই এভাবে হামলা বলে তাঁর অভিযোগ।

বাইট

প্রদেশ কংগ্রেস  সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেন, তৃণমূল কংগ্রেস বুঝতে পেরেছে সন্ত্রাস ছাড়া তাদের জেতার কোনো সম্ভাবনা নেই।

বাইট

এদিকে, মানুষ মোদী সরকারের বিরুদ্ধে স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে। আগামী চৌঠা জুন তার প্রতিফলন ভোট বাক্সে দেখা যাবে বলে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন।

বাইট

এসইউসিআই কমিউনিস্টের সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য্য বলেছেন, রাজ্যর শাসকদল গণতন্ত্রকে ভুলুণ্ঠিত করেছে। নির্বাচনে প্রচার পর্ব থেকে শুরু করে ভোটগ্রহণের শেষ দিন পর্যন্ত কেন্দ্র ও রাজ্যের শাসকদল সাম্প্রদায়িক বিভাজনের অপচেষ্টা চালিয়েছে বেল তিনি অভিযোগ করেন।

-----------------------------------

আগামী মঙ্গলবার রাজ্যের ৪২টি লোকসভা কেন্দ্রের জন্য মোট ৫৫টি গননা কেন্দ্র থাকছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সেখানে মাইক্রো অবজারভার সহ ২৫ হাজার ভোট কর্মীকে নিয়োগ করার সিদ্ধান্ত হয়েছে। ত্রিস্তরীয় নিরাপত্তায় থাকা ৩৯৪টি স্ট্রংরুম

থেকে ইভিএম এনে মোট ৪১৮টি কাউন্টিং হলে চার হাজার ৯৪৪টি টেবিলে তা গননা করা হবে। ভোটের কাজে যুক্ত থাকা কর্মীদের পোস্টাল ব্যালট গননার জন্যে ৮৬টি হল থাকছে। ৪৩৪ জন পুরুষ সহ মোট ৫০৭ জন প্রার্থীর ভাগ্য নির্ধারন করতে উত্তরবঙ্গের শীতলকুচি ও দিনহাটা বিধানসভা কেন্দ্রে সর্বাধিক ২৩ রাউন্ড ও চোপড়া কেন্দ্রে সবচেয়ে কম ৯ রাউন্ড গননা করা হবে।

------------------------------------

এদিকে, তৃণমূল কংগ্রেসের অনুপস্থিতিতে আজ নতুন দিল্লীতে বিরোধী ইন্ডি জোটের বৈঠক হয়েছে। ভোট গণনার দিন জোটের সদস্যদের কিভাবে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে, সেবিষয়ে আজ বৈঠকে আলোচনা হয়। এবারের নির্বাচনে ইন্ডি জোট ২৯৫ টি আসনে পেতে পারে বলে দাবি করেছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে। এক্সিট পোলের ওপর বিভিন্ন টিভি চ্যানেলে আলোচনাতেও জোটের প্রতিনিধিরা অংশ নেবেন বলে তিনি জানান।

------------------------------------

সপ্তম দফা নির্বাচন নিয়ে আজ শুনবেন বিশেষ আলোচনা জনমত ২০২৪, শেষ দফার ভোট। অংশ নেবেন দুই রাজনৈতিক বিশ্লেষক, সাংবাদিক নির্মাল্য মুখোপাধ্যায় এবং অধ্যাপক কিংশুক চট্টোপাধ্যায়। সঞ্চালনায় সংযুক্তা সিংহ। শোনা যাবে রাত ৮ টা ৫ থেকে গীতাঞ্জলী ও ১০৭ মেগাহার্টজ প্রচার তরঙ্গে, ডিটিএইচ পরিষেবায় এবং আমাদের সোশ্যাল মিডিয়া পেজে।

------------------------------------

দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আরও অগ্রসর হয়ে উত্তরবঙ্গের জেলাগুলিতে পৌঁছেছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। এর প্রভাবে আগামী ৪ তারিখ পর্যন্ত উত্তরবঙ্গে পাঁচ জেলা এবং উত্তর দিনাজপুরে ভারি বর্ষণের পূর্বাভাস রয়েছে। আগামীকাল ভারি থেকে অতি ভারি বর্ষণের কমলা সতর্কতা রয়েছে কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায়। হলুদ সতর্কতা রয়েছে জলপাইগুড়ি, দার্জিলিং, কালিম্পং, উত্তর দিনাজপুরে।

দক্ষিণবঙ্গের দুই বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ এবং হুগলীতে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে। সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে বয়ে যাবে ঝোড়ো হাওয়া।

-----------------------------------

উত্তর দিনাজপুরের ইসলামপুরে আজ ভোররাতের ঝড়ে বিভিন্ন এলাকা লন্ডভন্ড। বারোঘরিয়া এলাকায় ঘরের উপর আম গাছ পড়ে খাগরীশ্বরী সিংহ নামে ৮৫ বছরের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে। ক্ষতিগ্রস্ত কয়েকশো বাড়ি। ভেঙে গেছে বিদ্যুতের খুঁটি। চাষের জমিতে জল দাঁড়ানোয় ভুট্টা, শশা, ঢেঁড়স, সহ একাধিক ফসল নষ্ট হয়ে গেছে বলে জানাচ্ছেন কৃষকরা।

-----------------------------------

শিলিগুড়ির সেবক রোডে রামকৃষ্ণ মিশনের সন্ন্যাসীদের ওপর আক্রমণের ঘটনায় আর এক অভিযুক্ত অলোক দাশ ওরফে ছোট্টুকে গ্রেপ্তার করেছে পুলিশ। এই নিয়ে এই ঘটনায় ৬ জনকে গ্রেপ্তার করা হল। ভক্তিনগর থানা এলাকা থেকে গতরাতে ছোট্টুকে পাকড়াও করে বিশেষ বাহিনী-SOG। এরপরই তাকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। যদিও মূল অভিযুক্ত প্রদীপ রায় এখনও অধরা।

উল্লেখ্য, গত ১৯ মে এলাকায় জমি মাফিয়া হিসেবে পরিচিত প্রদীপ রায়ের নেতৃত্বে জনা তিরিশেক দুষ্কৃতি মিশনের আবাসনে হামলা চালায়। মিশনের জমিকে নিজের বলে দাবি করে ঐ ব্যক্তি। যদিও পরে ঐ জমি মিশনের সম্পত্তি বলেই প্রমানিত হয়।

-----------------------------------

উত্তর দিনাজপুরের চোপড়া থানার মেরধাগছ এলাকায় পথ দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু হয়েছে। বিহারের পুঠিয়ার বাসিন্দা ২৩ বছরের মহম্মদ শমীম নামে ঐ ব্যক্তি সাতরামগছ থেকে বাইকে করে বাড়ি ফিরছিলেন। পথে লরির ধাক্কায় গুরুতর জখম হন তিনি। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে দলুয়া ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

-----------------------------------

সর্বভারতীয় আন্ত স্কুল রোয়িং প্রতিযোগীতা আগামীকাল কলকাতার রবীন্দ্র সরোবরে লেক ক্লাবের উদ্যোগে শুরু হবে। জুনিয়র ও সিনিয়র বিভাগে মোট ৩০ টি স্কুলের দেড়শো ছাত্রছাত্রী অংশ নেবে বলে লেক ক্লাবের পক্ষে সুদীপ নাহা জনিয়েছেন। ফাইনাল হবে আগামী রবিবার।

----------------------------------- -----------------------------------